

ঢাকা ওয়াসা

- ১। ২০২৪-২৫ অর্থ বছরের এর অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
২। সাপাশো এর মেইন ট্রান্সমিশন নেটওয়ার্কের বিদ্যমান নক্সা।
৩। পূর্বের অনুমোদিত দরের কপি।
৪। বর্ণিত e-PRV Maintenance সময়ের চিত্র।
৫। চেম্বারের তালিকা।
৬। আলোচ্য কাজের প্রাক্কলনের কপি।

Name of Work: Maintenance and clening of Pressure Reducing Valve Y-type SS filter of Water Transmission Network of SWTP.

০১। ক্রমিক নং-০১ হতে ০৬ পর্যন্ত দেখা যেতে পারে। সবিনয়ে জানানো যাচ্ছে যে, সায়োদাবাদ পানি শোধনাগার ফেজ-১ এবং ফেজ-২ হতে প্রতিদিন ৪৫ কোটি লিটার বিশুদ্ধ পানি মহানগরবাসির জন্য সরবরাহ করা হচ্ছে। সায়োদাবাদ পানি শোধনাগার ফেজ-১ এবং ফেজ-২ এর প্রায় ৪৬ কি.মি দীর্ঘ পানির মেইন ট্রান্সমিশন লাইনে প্রেসার রিডিউসিং ভাল্ভ, বাটারফ্লাই ভাল্ভ, এয়ার রিলিজ ভাল্ভ, গেট ভাল্ভ ও ওয়াসআউট ভাল্ভ সহ বিভিন্ন ধরনের ভাল্ভ চেম্বার রয়েছে। উক্ত ভাল্ভ গুলোর সাথে ৮ (আট)টি মডস জোনের ডিস্ট্রিবিউশন লাইনে আন্ত: সংযোগের মাধ্যমে অত্র শোধনাগারের বিশুদ্ধ পানি সরবরাহ করা হচ্ছে। উক্ত পানি সরবরাহ ব্যবস্থা সচল রাখতে প্রতিনিয়ত ট্রান্সমিশন লাইনে বিভিন্ন ধরনের ভাল্ভ ও ভাল্ভ চেম্বারগুলো পরিচালন ও রক্ষণাবেক্ষণ কাজ করতে হয়। ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, কিছু সংখ্যক ই-পিআরভি এবং স্টেনারে ফিল্টার মেশ ব্লক হওয়ার কারনে আউটপুটে প্রয়োজনীয় প্রেসারে পানি সরবরাহ করা যাচ্ছে না। ফলে সংশ্লিষ্ট এলাকা গুলিতে পানির প্রেসার কম হতে পারে। বতমানে শুরুর মৌসম চলছে বিধায় জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন।

০২। আলোচ্য কাজটি বাস্তবায়নের প্রেক্ষিতে পূর্বের অনুমোদিত দরের এর ভিত্তিতে “দাপ্তরিক প্রাক্কলন” উপস্থাপন করা হল। উপস্থাপিত প্রাক্কলন দাঁড়িয়েছে মোট টাঃ ২,৯৮,৬২২.২২৯ (দুই লক্ষ আটানব্বই হাজার ছয়শত বাইশ দশমিক দুই দুই নয়) টাকা মাত্র। ঢাকা ওয়াসার প্রচলিত DOFP অনুযায়ী, উপস্থাপিত প্রাক্কলন অনুমোদনের আর্থিক ক্ষমতা তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা ওয়াসা মহোদয়ের এখতিয়ার ভুক্ত। উক্ত কাজের ব্যয়ভার সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ) এর ২০২৪-২৫ ইং অর্থ বছরের বরাদ্দকৃত রাজস্ব বাজেটের পানির লাইন রক্ষণাবেক্ষণ (কোড নং-০১-০৪-০০১) খাত হতে নির্বাহ করা যেতে পারে।

০৩। ২০২৪-২৫ ইং অর্থ বছরের অনুমোদিত বার্ষিক কর্ম পরিকল্পনায় বিষয়ভুক্ত কাজটি ই-জিপি পোর্টালের মাধ্যমে সীমিত দরপত্র (LTM) পদ্ধতিতে সম্পাদনের অনুমোদন রয়েছে। আলোচ্য কাজটি অনুমোদিত বার্ষিক কর্ম পরিকল্পনার ক্রমিক নং-২২১ এবং প্যাকেজ নং-W-143 তে অন্তর্ভুক্ত রয়েছে। সেই আলোকে আলোচ্য কাজটি পিপিআর ২০০৮ এর বিধি মোতাবেক ৬৩ (১) ধারা অনুযায়ী ই-জিপি পোর্টালের মাধ্যমে সীমিত দরপত্র পদ্ধতিতে দরপত্র আহবানের মাধ্যমে সম্পন্ন করা যেতে পারে।

০৪। এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ-১.০ হতে ১.২ পর্যন্ত বর্ণনালোকে, “Maintenance and clening of Pressure Reducing Valve Y-type SS filter of Water Transmission Network of SWTP.” শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ অনুমোদন করা যেতে পারে।

ক) উল্লেখিত কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৬৩ (১) ধারা অনুসারে ই-জিপি পোর্টালের মাধ্যমে সীমিত দরপত্র পদ্ধতি LTM এ দরপত্র আহ্বানের অনুমোদন।

খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন মোট টাঃ ২,৯৮,৬২২.২২৯ (দুই লক্ষ আটানব্বই হাজার ছয়শত বাইশ দশমিক দুই দুই নয়) টাকা মাত্র এর অনুমোদন।

গ) আলোচ্য কাজের ব্যয় ২০২৪-২৫ ইং অর্থ বছরের বরাদ্দকৃত সংশোধিত রাজস্ব বাজেটের পানির লাইন রক্ষণাবেক্ষণ (কোড নং-০১-০৪-০০১) খাত হতে নির্বাহের অনুমোদন।

উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবসমূহ অনুমোদনের ক্ষমতা তত্ত্বাবধায়ক প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

সুব্রত কুমার দেব
উপ-সহকারী প্রকৌশলী
সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা

মোঃ শফিউল আলম
সহকারী প্রকৌশলী
সাঃ পাঃ শোঃ (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।

সৈয়দ শিহাবুর রহমান
নির্বাহী প্রকৌশলী
সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা

১৫/০৮/২৫

০৭ অনুমোদিত।

২২/০৮/২৫

মির্জা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
সায়োদাবাদ পানি শোধনাগার, ঢাকা ওয়াসা।

XEN (Maintenance)